

# নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

## মানববিদ্যা অনুষদ

### ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা কেন্দ্র

#### গ্রন্থপ্রকাশ অনুষ্ঠান

#### প্রতিবেদন

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানববিদ্যা অনুষদের অন্তর্ভুক্ত ভাষা, অনুবাদ ও সংস্কৃতি কেন্দ্র থেকে ১১ অক্টোবর, ২০২৩, দুপুর ২টো ৩০ মিনিটে প্রকাশিত হল বিশ্ববিদ্যালয়েরই বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ড. অনামিকা দাসের সম্পাদনায় 'চেনা অপরাধ অচেনা কাহিনি: গোয়েন্দাসাহিত্য পাঠের চিন্তন সূত্র'। গ্রন্থের মোড়ক উন্মোচন করে আনুষ্ঠানিকভাবে গ্রন্থপ্রকাশ করেন প্রবীণ সাহিত্যিক অমর মিত্র এবং নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ইন্দ্রজিৎ লাহিড়ী। আমন্ত্রিত বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট লেখক শ্রী অরিন্দম দাশগুপ্ত এবং বিশিষ্ট মনস্তত্ত্ববিদ ড. অমিত চক্রবর্তী। গ্রন্থের সম্পাদক ড. অনামিকা দাস গ্রন্থপ্রকাশের নেপথ্য কাহিনি তাঁর বক্তব্যের মাধ্যমে তুলে ধরেন। মানববিদ্যা অনুষদের অধিকর্তা এবং বাংলা বিভাগের প্রধান, অধ্যাপক মননকুমার মণ্ডল ভাষা, অনুবাদ ও সংস্কৃতি চর্চা কেন্দ্রের কার্যাবলী ও উদ্দেশ্য সম্পর্কে বক্তব্য উপস্থাপন করেন। মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ইন্দ্রজিৎ লাহিড়ী সেন্টারের উন্নতিসাধন প্রকল্পের সাফল্যকামনায় কিছু মূল্যবান মতামত ভাগ করে নেন সবার সঙ্গে। এরপর শ্রী অরিন্দম দাশগুপ্ত, ড. অমিত চক্রবর্তী এবং অমর মিত্র বক্তব্য উপস্থাপন করেন—কখনও সেই বক্তব্য গোয়েন্দাকাহিনির মহিলা পাঠক ও মহিলা লেখিকার কথা ছুঁয়ে যায়, কখনও উঠে আসে অপরাধের মনস্তত্ত্বের কথা, আবার কথাপ্রসঙ্গে চলে আসে হালফিলের বাংলা থ্রিলার-কেন্দ্রিক লেখার প্রবণতার কথাও। প্রায় দেড় ঘন্টা ব্যাপী অনুষ্ঠানের পরিসমাপ্তি হয় আনুষ্ঠানিক ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে। অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্বে ছিলেন বাংলা বিভাগের সহকারী অধ্যাপক সুকল্যাণী সেনগুপ্ত।

